সমকাল

# অসত্য তথ্য দিয়ে এমপিওভুক্ত হলে আদেশ বাতিল- শিক্ষামন্ত্রী

১০ ঘণ্টা আগে

**সমকাল প্রতিবেদক**

কোনো শিক্ষাপ্রতিষ্ঠান মিথ্যা, ভুল বা অসত্য তথ্য দিয়ে এমপিওভুক্ত হলে এমপিওভুক্তির আদেশ কার্যকর হবে না এবং অসত্য তথ্যদাতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী

ডা. দীপু মনি। গতকাল রোববার রাজধানীর নীলক্ষেতে ব্যানবেইসের সম্মেলন কক্ষে শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তির বিষয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, এমপিওভুক্তির জন্য স্বীকৃতি একটি অন্যতম শর্ত। কোনো কোনো ক্ষেত্রে নিজস্ব ভবন না থাকলেও নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষাক্রম নিজস্ব ভবনের মধ্যে পরিচালনা করা হবে বলে শর্ত আরোপ করা হয়। কেউ যদি এ শর্ত পালন না করে থাকে এবং এ আদেশে এমপিওভুক্ত হয়ে থাকে, তাহলে পরবর্তী সময়ে যাচাই করে উল্লেখিত শর্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

মন্ত্রী বলেন, এমপিওভুক্ত কয়েকটি প্রতিষ্ঠানের বিষয়ে কথা উঠেছে। কোনো অযোগ্য প্রতিষ্ঠান যাতে এমপিওভুক্ত হতে না পারে, সে জন্য শর্ত দেওয়া আছে।

এমপিওভুক্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের অবস্থান ব্যাখ্যা করে তিনি বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের এমপিও নীতিমালায় উল্লেখিত মানদণ্ড অনুসরণ করেই এমপিওভুক্তির ৯ হাজার ৬১৪ আবেদনের মধ্যে ২ হাজার ৭৩০টি যোগ্য প্রতিষ্ঠানকে সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বাছাই করা হয়। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজনীয় তথ্য অনলাইনে সরবরাহ করে। এর মধ্যে পরীক্ষার্থীর সংখ্যা এবং পাসের হার সংশ্লিষ্ট তথ্য বোর্ড থেকে নেওয়া হয়। স্বীকৃতি সংক্রান্ত তথ্যাদি বাছাই করতে গিয়ে বেশ কিছু ভুল তথ্য পাওয়া যায়, যা প্রতিষ্ঠান সরবরাহ করেছিল।

ডা. দীপু মনি বলেন, এবারের এমপিওভুক্তি কোনো রাজনৈতিক বিবেচনায় হয়নি। কোনো বিতর্কিত রাজনীতিকের নামে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একইভাবে নাম পরিবর্তনের প্রক্রিয়া অনুসরণ করা যেতে পারে।

শিক্ষার মানে কী পরিবর্তন হবে জানতে চাইলে তিনি বলেন, শহরে অনেক প্রতিষ্ঠান এমপিও চায় না। কিন্তু গ্রামে শিক্ষকদের বেতন-ভাতা নিয়ে সমস্যা থাকে। বিকল্প কোনো কাজের চিন্তা থাকলে শিক্ষক যথাযথভাবে শিক্ষা দিতে পারেন না।

এ সময় শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইনসহ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।